# মুসাফির বাংলা ইস্কুল

**HSC.UniAd.BCS.JOB**

# ধ্বনি পরিবর্তন


## মুসাফির রাহাদ

বিএ(অনার্স),এমএ( বাংলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়

লেকচারার (বাংলা )
মুন্সি আব্দুর রউফ কলেজ,পিলখানা বিজিবি ex
বিএএফ শাহীন কলেজ ঢাকা ex
Guardian BCS, S@ifurs BCS , Amicus Law Academy , Icon Plus Admission,
ex- Oracle BCS, UCC , Uniaid Admission

01687 600 698
YouTube - Musafir Rahad
Facebook – Musafir Rahad Sir


MUSAFIR RAHAD

# ধ্বনির পরিবর্তন

## ধ্বনির পরিবর্তন

হালা – ফয়সা – হানি – হাপ – টাহা – টেহা – টেকা – শাগ – হাগ – গেরাম – যদ্দুর ...

❖আঞ্চলিকতা
❖অসাবধনতা
❖জিহ্বার জড়তা
❖দ্রুত উচ্চারণ

MUSAFIR RAHAD বাংলা শিখার নতুন স্বাদ
MUSAFIR RAHAD বাংলা শিখার,নতুন স্বাদ!

## স্বরাগম
স্বরের আগমন

স্কুল > ইস্কুল _ আদি
গ্রাম > গেরাম _ মধ্য /বিপ্রকর্ষ/স্বরভক্তি
বেঞ্চ > বেঞ্চি _ অন্ত্য

✓পরিবর্তনের পর নতুন স্বরের আগমন হলে স্বরাগম হয়।

স্বর চলে গেলে স্বর লোপ/ সম্প্রকর্ষ

জানালা > জানলা

MUSAFIR RAHAD বাংলা শিখার,নতুন স্বাদ!
MUSAFIR RAHAD বাংলা শেখার নতুন স্বাদ

**আদি স্বরাগম (Prothesis) :** উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোন কারণে শব্দের আদিতে স্বরধ্বনি এলে তাকে বলে আদি স্বরাগম (Prothesis)। যেমন - স্কুল > ইস্কুল, স্টেশন > ইস্টেশন, স্তাবল > আস্তাবল, স্পর্ধা > আস্পর্ধা।

**মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি(Anaptyxis) :** সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। যেমন -

অ - রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি।
ই - প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি।
উ - মুক্তা > মুকুতা, তুর্ক > তুরুক, ভ্রূ > ভুরু ইত্যাদি।
এ - গ্রাম > গেরাম, প্রেক > পেরেক, স্রেফ > সেরেফ ইত্যাদি।
ও - শ্লোক > শোলোক, মুরগ > মুরোগ > মোরগ ইত্যাদি।

**অন্ত্যস্বরাগম (Apothesis):** কোনো কোনো সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে। এরূপ স্বরাগমকে বলা হয় অন্ত্যস্বরাগম।
যেমন - দিশ > দিশা, পোখত্ > পোক্ত, বেঞ্চ > বেঞ্চি, সত্য > সত্যি ইত্যাদি।

**অপিনিহিতি (Apenthesis):** পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। যেমন - আজি > আইজ, সাধু > সাউধ, রাখিয়া > রাইখ্যা, বাক্য > বাইক্য, সত্য > সইত্য, চারি > চাইর, মারি > মাইর ইত্যাদি।

## অপিনিহিতি

❖ পরের ই / উ আগে আসলে তাকে অপিনিহিতি বলে।

আজি > আইজ সাধু > সাউধ
চারি > চাইর

✓য/ য-ফলাযুক্ত শব্দে নতুন ই আসলে অপিনিহিতি হয়।

শূন্য > শূইন্য
কন্যা > কইন্যা

MUSAFIR RAHAD বাংলা শেখার নতুন স্বাদ

**অসমীকরণ (Dissimilation):** একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয় তখন তাকে বলে অসমীকরণ।
যেমন - ধপ+ধপ > ধপাধপ, টপ+টপ > টপাটপ ইত্যাদি।

## অসমীকরণ

টপ টপ > টপাটপ
টন টন > টনাটন

একই উচ্চারণের পুনরাবৃত্তি না করে মাঝে আ আসলে অসমীকরণ হয়।

MUSAFIR RAHAD বাংলা শিখার,নতুন স্বাদ!
MUSAFIR RAHAD বাংলা শেখার নতুন স্বাদ

**স্বরসঙ্গতি (Vowel harmony):** একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে।
যেমন - দেশি > দিশি, বিলাতি > বিলিতি, মুলা > মুলো ইত্যাদি।

## স্বরসঙ্গতি

❖ একটি স্বরের প্রভাবে অন্য স্বরের পরিবর্তন হলে স্বরসঙ্গতি হয়।

তুলা > তুলো
জুতা > জুতো
দেশি > দিশি
বিলাতি > বিলিতি

MUSAFIR RAHAD বাংলা শিখার,নতুন স্বাদ!
MUSAFIR RAHAD বাংলা শেখার নতুন স্বাদ

❖
❖

❖ প্রগত (Progressive): আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে প্রগত স্বরসঙ্গতি হয়। যেমন - মুলা > মুলো, শিকা > শিকে, তুলা > তুলো।

❖ পরাগত (Regressive) : অন্ত্যস্বরের কারণে আদ্যস্বর পরিবর্তিত হলে পরাগত স্বরসঙ্গতি হয়। দেশি > দিশি।

❖ মধ্যগত (Mutual) : আদ্যস্বর ও অন্ত্যস্বর কিংবা অন্ত্যস্বর অনুযায়ী মধ্যস্বর পরিবর্তিত হলে মধ্যগত স্বরসঙ্গতি হয়।
যেমন - বিলাতি > বিলিতি।


❖ অন্যোন্য(Reciprocal): আদ্য ও অন্ত্য দুই স্বরই পরস্পর প্রভাবিত হলে অন্যোন্য স্বরসঙ্গতি হয়। যেমন - মোজা > মুজো।

❖ চলিত বাংলায় স্বরসঙ্গতি: গিলা > গেলা, মিলামিশা > মেলামেশা, মিঠা > মিঠে, ইচ্ছা > ইচ্ছে , মুড়া>মুড়ো, চুলা> চুলো।

❖ বিশেষ নিয়মে সাধিত: উড়ুনি> উড়নি, এখনি > এখুনি।

**ধ্বনি বিপর্যয়:** শব্দের মধ্যে দুইটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন - বাক্স > বাংলা বাস্ক, জাপানি রিক্সা > বাংলা রিস্কা, পিশাচ > পিচাশ, লাফ > ফাল।









**সমীভবন (Assimilation):** শব্দমধ্যস্থ দুইটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমন - জন্ম > জম্ম, কাঁদনা > কান্না।

❖ প্রগত: (Progressive) সমীভবন: পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটে। অর্থাৎ পরবর্তী ধ্বনি পূর্ববর্তী ধ্বনির মত হয়, একে বলে প্রগত সমীভবন। যেমন - চক্র > চক্ক, পক্ব > পক্ক, পদ্ম > পদ্দ, লগ্ন > লগ্‌গ ইত্যাদি।


❖ পরাগত (Regressive) সমীভবন: পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন হয়, একে বলে পরাগত সমীভবন। যেমন - তৎ+জন্য > তজ্জন্য, তৎ+হিত > তদ্ধিত, উৎ+মুখ >উন্মুখ ইত্যাদি।

❖ অন্যোন্য (Mutual) সমীভবন: যখন পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিই পরিবর্তিত হয় তখন তাকে বলে অন্যোন্য সমীভবন। যেমন– (সংস্কৃত) সত্য > (প্রাকৃত) সচ্চ, (সংস্কৃত) বিদ্যা > (প্রাকৃত) বিজ্জা।




**বিষমীভবন (Dissimilation):** দুইটি সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন – শরীর > শরীল, লাল > নাল ইত্যাদি।



## বিকৃতি / দ্বিত্ব

➢একটি ব্যঞ্জন পরিবর্তন হওয়া কে ব্যঞ্জন বিকৃতি বলে ।

লেবু > নেবু    শালা > হালা
ধোবা > ধোপা    পানি > হানি

✓ একটি ব্যঞ্জন দুইবার উচ্চারণ হওয়া কে দ্বিত্বব্যঞ্জন বলে ।

সকাল > সক্কাল    কিছু > কিচ্ছু
পাকা > পাক্কা    বড় > বড্ড

MUSAFIR RAHAD বাংলা শেখার নতুন স্বাদ

**দ্বিত্বব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা (Long consonant):** কখনো কখনো জোর দেওয়ার জন্য (গুরুত্ব বাড়ানো) শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্বব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা। যেমন - পাকা > পাক্কা, সকাল > সক্কাল ইত্যাদি।

**ব্যঞ্জনবিকৃতি:** শব্দ-মধ্যে কোনো কোনো সময় কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হয়। একে বলে ব্যঞ্জনবিকৃতি। যেমন- কবাট > কপাট, ধোবা > ধোপা, ধাইমা >দাইমা ।

## চলে যাওয়া ...

✓সম উচ্চারণের একটি চলে গেলে **ব্যঞ্জনচ্যুতি** ।

বড়দাদা > বড়দা
বউদিদি > বউদি

✓ মাঝখান থেকে একটি ব্যঞ্জন চলে গেলে **অন্তর্হতি**

ফাল্গুন > ফাগুন
আলাহিদা > আলাদা
দুগ্ধ > দুধ

MUSAFIR RAHAD বাংলা শেখার নতুন স্বাদ

**ব্যঞ্জনচ্যুতি:** পাশাপাশি সমউচ্চারণের দুটো ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায়। এ রূপ লোপকে বলা হয় ধ্বনিচ্যুতি বা ব্যঞ্জনচ্যুতি। যেমন - বউদিদি > বউদি, বড় দাদা > বড়দা।

**অন্তর্হতি:** পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি। যেমন - ফাল্গুন > ফাগুন, ফলাহার > ফলার, আলাহিদা > আলাদা

**অভিশ্রুতি (Umlaut):** বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। যেমন - শুনিয়া > শুনে, বলিয়া > বলে, হাটুয়া > হাউটা > হেটো, মাছুয়া > মেছো।

## একনজরে ...

✓ **স্বরাগম** - নতুন স্বরের আগমন।
✓ **মধ্যস্বরাগম** – বিপ্রকর্ষ, স্বরভক্তি।
✓ **অপিনিহিতি** – পরের ই/উ আগে আসা।
✓ **অসমীকরণ**-একই স্বরের মাঝে আ আসা।
✓ **স্বরসঙ্গতি**- দুটি স্বর মিলে যাওয়া।
✓ **অভিশ্রুতি**- সাধু থেকে চলিত ।

MUSAFIR RAHAD বাংলা শিখার,নতুন স্বাদ!

## একনজরে...

➢ **সমীভবন**- দুটি ব্যঞ্জন মিলে যাওয়া ।
➢ **বিষমীভবন** – সমবর্ণের (একই) একটি পরিবর্তন ।
➢ **ধ্বনি বিপর্যয়**- দুটি ব্যঞ্জন পরস্পর স্থান পরিবর্তন করা।
➢ **ব্যঞ্জনচ্যুতি**- সমবর্ণের একটি চলে যাওয়া ।
➢ **অন্তর্হতি** – মাঝ (অন্তর) থেকে চলে যাওয়া ।
➢ **ব্যঞ্জন বিকৃতি** – একটি ব্যঞ্জনের পরিবর্তন।
➢ **দ্বিত্বব্যঞ্জন** – একটি ব্যঞ্জনের দ্বিত্ব (২) উচ্চারণ ।

MUSAFIR RAHAD বাংলা শিখার,নতুন স্বাদ!

# প্রশ্ন ও সমাধান

০১. কোনটি 'বিষমীভবন'-এর উদাহরণ?
অ. লাফ > ফাল    ই. লাল > নাল
ঈ. কবাট > কপাট    উ. লগ্ন > লগ্‌গ

০২. নিচের কোনটি অপিনিহিতির উদাহরণ?
অ. স্ত্রী > ইস্ত্রী    ই. স্বপ্ন > স্বপন
ঈ. ভাগ্য > ভাইগ্য    উ. পূজা > পূজো

০৩. নিচের কোনটিতে মধ্য-স্বরাগমের প্রয়োগ হয়েছে?
অ. ফিল্ম > ফিলিম    ই. সত্য > সত্যি
ঈ. গস্নাস > লাস    উ. শিকা > শিকে

০৪. একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয় তখন তাকে কি বলে?
অ. স্বর সঙ্গতিই. অসমীকরণ
ঈ. অন্ত্যস্বরাগম    উ. সমীভবন

০৫. নিচের কোনটি ব্যঞ্জন বিকৃতির উদাহরণ?
অ. লাল > নাল    ই. রিকসা > রিসকা
ঈ. ধোবা > ধোপা    উ. বড় দাদা > বড়দা

০৬. রত্ন > রতন, ধর্ম> ধরম, স্বপ্ন > স্বপন প্রভৃতি কী জাতায় ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
অ. সমীভবন ই. মধ্যস্বরাগম
ঈ. স্বরসঙ্গতি উ. বিষমীভবন ঊ. কোনটিই নয়

০৭. নিচের কোনটি সমধ্বনির দৃষ্টান্ত নয়?
অ. চির-চীর ই. কাদা-কাঁদা
ঈ. আপন-আপণ উ. বিশ-বিষ

০৮. নিচের কোনটি দ্বিস্বর ধ্বনি?
অ. আয় ই. আম
ঈ. ঝুপ উ. লিলি ঊ. আঁশ

০৯. কোনটি অপিনিহিতির উদাহরণ?
অ. রাইত ই. জলো
ঈ. চলতি উ. শুনিয়া

১০. পরের 'ই-কার' আগে উচ্চারিত হওয়ার রীতিকে কী বলে?
অ. সমীভবন ই. অপিনিহিতি
ঈ. অভিশ্রুতি উ. বিপ্রকর্ষ

১১. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?
অ. বড়দাদা > বড়দা ই. কিছু > কিচ্ছু
ঈ. পিশাচ > পিচাশ উ. মুক্তা > মুকুতা

১২. কোনটি অভিশ্রুতির উদাহরণ নয়?
অ. আজি > আইজ ই. চলিল > চলল
ঈ. আসিয়া > এসে উ. করিয়া > করে

১৩. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?
অ. বড়দিদি > বড়দি ই. লাফ > ফাল
ঈ. শরীর > শরীল উ. আজি > আইজ

১৪. সংযুক্ত ব্যঞ্জনবর্ণকে ভেঙ্গে তার মধ্যে স্বরবর্ণ আনয়নকে কী বলে?
অ. স্বরাগম ই. স্বরভক্তি
ঈ. স্বরসঙ্গতি উ. অপনিহিতি
ঊ. অভিশ্রুতি

১৫. কোনটি বিষমীভবনের উদাহরণ?
অ. শরীর > শরীল ই. গলদা > গলদ্দা
ঈ. সর্প > সপ্প উ. পিশাচ > পিচাশ

১৬. অভিশ্রুতির ক্ষেত্রে কোন স্বরধ্বনি পরিবর্তিত হয়?
অ. ঐ ই. ই, এ
ঈ. ই, উ উ. ই, এ

১৭. দুটি সমবর্ণের একটি পরিবর্তনকে কি বলে?
অ. সমীভবন ই. বিষমীভবন
ঈ. অসমীভবন উ. পরাগত

১৮. পর্তুগিজ 'আনানস' বাংলায় হয়েছে 'আনারস' ।---এটি কোন ধরনের পরিবর্তন?
অ. সাদৃশ্যগতই. বৈসাদৃশ্য
ঈ. অর্থগত উ. ধ্বনিতাত্ত্বিক

১৯. তুলতুলা > লুতলুতা- কোন ধরণের ধ্বনি পরিবর্তন?
অ. সমাক্ষর লোপ ই. সমীকরণ
ঈ. ব্যঞ্জনচ্যুতি উ. ধ্বনিবিপর্যয়

২০. 'অরণা > অন্না' এটি কা ধরনের ধ্বনি-পরিবর্তনের উদাহরণ?
অ. স্বরসংগতিই. অপিনিহিতি
ঈ. স্বরভক্তি উ. সমীভবন

২১. 'স্কুল > ইসকুল', 'প্রীতি > পিরিতি'—এ ধরণের পরিবর্তনকে বলে—
অ. স্বরযুক্তি ই. স্বরবিচ্ছেদ
ঈ. বর্ণাগম উ. স্বরাগম

২২. মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনির মতো উচ্চারিত হলে, তাকে বলে-
অ. অভিকর্ষ ই. অভিশ্রুতি
ঈ. ক্ষীণায়ন উ. বিপ্রকর্ষ

২৩. নিচের কোনটি স্বরসংগতির উদাহরণ?
অ. জন্ম > জনম ই. হিসাব >হিসেব
ঈ. মুক্তা > মুকুতা উ. কন্যা > কইন্যা

২৪. কোনটি অন্ত্যস্বরাগম? (ই.বি.- ২০১১-১২)
অ. বাক্য> বাইক্য ই. সত্য > সত্যি
ঈ. করিয়া > কইর‍্যা উ. ধুলা > ধুলো

২৫. লাফ > ফাল- কোন ধরনের ধ্বনি পরিবর্তনের দষ্টান্ত?
অ. ব্যঞ্জনাগম ই. ধ্বনিবিপর্যয়
ঈ. ধ্বনিলোপ উ. বিষমীভবন

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ই | ০২ | ঈ | ০৩ | অ | ০৪ | ই | ০৫ | ঈ |
| ০৬ | ই | ০৭ | ই | ০৮ | অ | ০৯ | অ | ১০ | ই |
| ১১ | ঈ | ১২ | অ | ১৩ | ই | ১৪ | ই | ১৫ | অ |
| ১৬ | ই | ১৭ | ই | ১৮ | উ | ১৯ | উ | ২০ | উ |
| ২১ | উ | ২২ | ঈ | ২৩ | ই | ২৪ | ই | ২৫ | ই |